গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতনভবন (৪র্থ তলা)
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bkkf.org.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

## ১. ভিশন ও মিশন

ভিশন: ক্রীড়াসেবীদের দারিদ্র হ্রাস ও ক্রীড়ার মান উন্নয়ন।

মিশন: ক্রীড়া, খেলাধূলা ও শরীরচর্চায় উল্লেখযোগ্য অবদান রাখা ক্রীড়াসেবী ও তাদের পরিবারের কল্যাণ সাধনের মাধ্যমে দারিদ্র হ্রাস এবং ক্রীড়ার মান উন্নয়নে উৎসাহ প্রদান।

## ২. প্রতিশ্রুত সেবাসমূহ

### ২.১) নাগরিক সেবা

| ক্র.নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১. | অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের নিয়মিত মাসিক ভাতা/এককালীন আর্থিক অনুদান প্রদান। | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ জেলা কমিটি কর্তৃক প্রাথমিক বাছাইয়ের পর ফাউন্ডেশনের সংশ্লিষ্ট নীতিমালায় বর্ণিত যোগ্যতা অনুসারে অনুদান প্রদান বিষয়ক বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই সুপারিশের উপর বোর্ড সভার অনুমোদনক্রমে অনুদান প্রদান করা হয়। | বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে ফাউন্ডেশনের ওয়েবসাইটে প্রবেশ করে অথবা লিংক https://bkkf.worldtechbd.xyz/login ব্যবহার করে মোবাইল নাম্বার দিয়ে নিবন্ধন পূর্বক নির্ধারিত ফরমে পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ ক্রীড়াঙ্গণে সম্পৃক্ততার প্রমানপত্র/ সনদপত্র স্ক্যানকপি দিয়ে অনুদানের জন্য অনলেইনে আবেদন করা যাবে। | বিনা মূল্যে | ৯০ কার্যদিবস | মোঃ সাইফুল ইসলাম<br>নির্বাহী কর্মকর্তা<br>ফোন: +৮৮ ০২ ২২৩৩৫৩৫৭০-৭১<br>ই-মেইল: sec.bkkf@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২. | অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা সহায়তা প্রদান। | অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী ক্রীড়া প্রতিযোগিতা বা প্রশিক্ষণ ক্যাম্প চলাকালে অথবা কোন দুর্ঘটনায় আহত বা গুরুতর অসুস্থ ক্রীড়াসেবী ফাউন্ডেশনের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/সচিব বরাবর আবেদনপত্র সরাসরি প্রেরণ করবে। | চিকিৎসা সহায়তার জন্য পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ, ক্রীড়াঙ্গণে সম্পৃক্ততার প্রমানপত্র/ সনদপত্র, ডাক্তারি সনদপত্র। | বিনা মূল্যে | ৩০ কার্যদিবস | মোঃ সাইফুল ইসলাম<br>নির্বাহী কর্মকর্তা<br>ফোন: +৮৮ ০২ ২২৩৩৫৩৫৭০-৭১<br>ই-মেইল: sec.bkkf@gmail.com |
| ০৩. | ক্রীড়া ক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী মেধাবী শিক্ষার্থীদের "বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি" প্রদান। | ক্রীড়া ক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী ৫ম হতে ১০ম শ্রেণী পর্যন্ত এবং একাদশ থেকে স্নাতক পর্যন্ত মেধাবী শিক্ষার্থীরা বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তির জন্য সরাসরি নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন। আবেদনকারীদের সকল আবেদন হতে যোগ্যতা অনুসারে বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাই সুপারিশের উপর বোর্ড সভার অনুমোদনক্রমে "বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি" প্রদান করা হয়। | বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তির জন্য নির্ধারিত ফরম পূরণের পর জেলা প্রশাসক এবং জেলা ক্রীড়া অফিসার-এর সুপারিশ গ্রহণ করতে হবে। আবেদন ফরমের সাথে পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ, স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় এর প্রত্যয়ন পত্র/ক্রীড়াঙ্গণে সম্পৃক্ততার প্রমানপত্র/ সনদপত্র এতদসঙ্গে প্রেরণ করতে হবে। (আবেদনের জন্য ফরম সংগ্রহ করতে এখানে ক্লিক করুন) | বিনা মুল্যে | ৩০ কার্যদিবস | |

## ২.২) দাপ্তরিক সেবা

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| **বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের কোন দপ্তর/সংস্থা নেই** | | | | | | |

## ২.৩) অভ্যন্তরীন সেবা

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১. | অবসরত্তর ছুটি ও আনুতোষিক | পরিচালনা বোর্ড সভায় অনুমোদনক্রমে | সাদা কাগজে আবেদন করতে হয় | বিনামূল্যে | ০৩ কার্যদিবস | কৃষ্ণেন্দু সাহা<br>সচিব<br>ফোন: +৮৮ ০২ ২২৩৩৫৩৫৭০<br>ই-মেইল: sec.bkkf@gmail.com |
| ০২. | ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরী | ফাউন্ডেশনের সচিব কর্তৃক অনুমোদন করা হয় | ফাউন্ডেশনের ওয়েবসাইটে www.bkkf.org.bd প্রবেশ করে নির্ধারিত ফরমে আবেদন করতে হয় | বিনামূল্যে | ০৭ কার্যদিবস | |

| ০৩. | শ্রান্তি বিনোদন ভাতা ও ছুটি মঞ্জুরী | ফাউন্ডেশনের সচিব কর্তৃক অনুমোদন করা হয় | ফাউন্ডেশনের ওয়েবসাইটে www.bkkf.org.bd প্রবেশ করে নির্ধারিত ফরমে আবেদন করতে হয় | বিনামূল্যে | ০৩ কার্যদিবস | |
|---|---|---|---|---|---|---|

## ৩. আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্র নং | প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ০১. | অনলাইনে স্বয়ংসম্পর্ণ ভাবে আবেদন জমা প্রদান করা |
| ০২. | যথাযথ প্রক্রিয়ায় প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন করা |
| ০৩. | সেবা সম্পর্কে যথাযথ ধারণা লাভের জন্য সচেষ্ট থাকা |
| ০৪. | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |
| ০৫. | সেবা প্রাপ্তির পর আপনার মূল্যবান মতামত প্রদান করা |

## ৪. অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তার কাছ থেকে সমাধান পাওয়া না গেলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্য অবহিত করুন।

| ক্রমিক | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে না পারলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) | সচিব<br>ফোন: +৮৮ ০২ ২২৩৩৫৩৫৭০<br>ই-মেইল: sec.bkkf@gmail.com<br>ওয়েব: www.bkkf.org.bd | ৩০ কার্যদিবস |
| ২ | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা | যুগ্ম-সচিব (প্রশাসন)<br>ফোন: +৮৮-০২-৫৫১০১১২১<br>ই-মেইল: js.coordination@moysports.gov.bd<br>ওয়েব: www.grs.gov.bd | ২০ কার্যদিবস |
| ৩ | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | মন্ত্রিপরিষদ বিভাগ | ৬০ কার্যদিবস |